# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ০১

## হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র

## চতুর্থ অধ্যায়: যৌথমূলধনী কোম্পানির মূলধন

### ক্লাস-০১

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- যৌথ মূলধনী কোম্পানির ধারণা
- যৌথ মূলধনী কোম্পানির বৈশিষ্ট্য
- শেয়ার, ষ্টক ও ঋণপত্রের ধারণা
- শেয়ার ও ষ্টক-এর মধ্যে পার্থক্য
- শেয়ার ও ঋণপত্র-এর মধ্যে পার্থক্য

**শিখনফল (Learning Outcomes):**

- যৌথমূলধনী কোম্পানি কী তা বর্ণনা করতে পারবে।
- যৌথমূলধনী কোম্পানির বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।
- শেয়ার, ষ্টক ও ঋণপত্র কী তা বর্ণনা করতে পারবে।
- শেয়ার ও ষ্টক -এর মধ্যকার পার্থক্য নিরূপণ করতে পারবে।
- শেয়ার ও ঋণপত্র-এর মধ্যকার পার্থক্য নিরূপণ করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: কোথায় সর্বপ্রথম যৌথ মূলধনী কোম্পানির উদ্ভব হয়?

| | |
|---|---|
| ক) জাপানে | খ) ইংল্যান্ডে |
| গ) রাশিয়ায় | ঘ) আমেরিকায় |

উত্তর: (খ)

প্রশ্ন: বাংলাদেশে বর্তমানে কত সালের কোম্পানি আইন প্রচলিত?

| | |
|---|---|
| ক) ১৯১৩ | খ) ১৯৭২ |
| গ) ১৯৯৪ | ঘ) ২০০২ |

উত্তর: (গ)

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: দেশের আইন সভা বা প্রেসিডেন্টের বিশেষ আদেশ বলে গঠিত ও পরিচালিত কোম্পানিকে বিধিবদ্ধ কোম্পানি বলে। যেমন-

i. বিআরটিএ
ii. বিসিআইসি
iii. ডব্লিউ এ এস এ

নিচের কোনটি সঠিক?

| | |
|---|---|
| ক) i ও ii | খ) i ও iii |
| গ) ii ও iii | ঘ) i, ii ও iii |

উত্তর: (ঘ)

## ✪ অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন:

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

বিশ্ববিদ্যালয় পাঠ শেষে তিন বন্ধু মিলে 'বন্ধু লি.' নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলে। তাদের প্রতিষ্ঠানটির অন্যতম বৈশিষ্ট্য হলো: এটি নিজ নামে পরিচালিত হয়, নিজস্ব সীল ব্যবহার করোতে পারে এবং সদস্যদের দায়ও সীমাবদ্ধ।

প্রশ্ন: 'বন্ধু লি.' কোন ধরণের প্রতিষ্ঠান?
ক) একমালিকানা ব্যবসায়
খ) অংশীদারী ব্যবসায়
গ) সমবায় ব্যবসায়
ঘ) যৌথ মূলধনী ব্যবসায়
উত্তর: (ঘ)

প্রশ্ন: 'বন্ধু লি.' নামক প্রতিষ্ঠানটির ক্ষেত্রে প্রযোজ্য হবে -
i. চিরন্তন অস্তিত্ব সম্পন্ন
ii. কৃত্রিম ব্যক্তিসত্তার অধিকারী
iii. দেশে প্রচলিত কোম্পানি আইন দ্বারা গঠিত ও পরিচালিত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)

## বিশেষ পরামর্শ/মন্তব্য:

- ✪ আলোচ্য বিষয়ের উপর সাধারণত বহুনির্বাচনি প্রশ্ন হয়ে থাকে। বিগত তিনবছরের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।
- ✪ আলোচ্য বিষয়ের উপর কোন সৃজনশীল প্রশ্ন হবে না।

<><><><><><><><><><><><><>

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা -০১

## হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র

## চতুর্থ অধ্যায়: যৌথমূলধনী কোম্পানির মূলধন

## ক্লাস-০২

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- শেয়ার মূলধনের ধারণা
- শেয়ার মূলধনের শ্রেণিবিভাগ
- সমহার, অধিহার ও অবহারে শেয়ার ইস্যুর ধারণা
- গুরুত্বপূর্ণ কয়েকটি দফার নিয়ে আলোচনা:
  অবলেখক ও অবলেখকের কমিশন, প্রাথমিক খরচ, শেয়ার ইস্যু খরচ ও ব্যাংক চার্জ ইত্যাদি

**শিখনফল (Learning Outcomes):**

- শেয়ার মূলধনের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করতে পারবে।
- বিভিন্ন ধরণের শেয়ার মূলধন নির্ণয় করতে পারবে।
- সমহার, অধিহার ও অবহারে শেয়ার ইস্যু কী তা বর্ণনা করতে পারবে।
- শেয়ার অধিহার ও শেয়ার অবহারের পরিমাণ মোট ও একক প্রতি নির্ণয় করতে পারবে।
- অবলেখক ও অবলেখকের কমিশন কী তা বর্ণনা করতে পারবে।
- প্রাথমিক খরচ কী তা বর্ণনা করতে পারবে।
- শেয়ার ইস্যু খরচ ও ব্যাংক চার্জ কী তা বর্ণনা করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: কোম্পানি গঠনের সময় শেয়ার বিক্রি করে মূলধন সংগ্রহের যে অধিকার পাওয়া যায়, সেই মূলধনকে কী মূলধন বলা হয়?

ক) অনুমোদিত মূলধন খ) ইস্যুকৃত মূলধন
গ) তলবকৃত মূলধন ঘ) আদায়কৃত মূলধন

উত্তর: (ক)

প্রশ্ন: জনাব মফিজ ১০০ টাকা মূল্যের প্রতিটি শেয়ার ১২০ টাকা দরে ২৫০টি শেয়ার ক্রয় করে। তার দায় কত টাকা পর্যন্ত সীমাবদ্ধ?

ক) ৫,০০০ টাকা খ) ২৫,০০০ টাকা
গ) ৩০,০০০ টাকা ঘ) ৫৫,০০০ টাকা

উত্তর: (খ)

প্রশ্ন: কোম্পানি আইন অনুসারে শেয়ার ইস্যুর ক্ষেত্রে অবহারের সর্বোচ্চ হার কত?

ক) ৫% খ) ১০%
গ) ১৫% ঘ) ২০%

উত্তর: (খ)

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন:

প্রশ্ন: কোম্পানি শেয়ার ইস্যু করতে পারে -

i. সমহারে
ii. অবহারে
iii. অধিহারে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

প্রশ্ন: অধিহারে শেয়ার ইস্যুর কারণ -

i. নতুন কোম্পানির ব্যবসায়ে উজ্জল সম্ভাবনা থাকলে
ii. পুরাতন প্রতিষ্টিত কোম্পানির নতুন শেয়ার বিক্রির উদ্যোগ নিলে
iii. প্রতিষ্ঠানের সকল পরিচালকবৃন্দ কর্মরত থাকলে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

উত্তর: (খ)

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন:

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

**জোহা কোম্পানি লি. প্রতি শেয়ার ১০০ টাকা করে ৫০,০০০ শেয়ারের অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ১০% বাট্টায় ৮০% শেয়ার ইস্যু করে।**

প্রশ্ন: কোম্পানি কী পরিমাণ শেয়ার ইস্যু করে?

ক) ২০,০০০ শেয়ার
খ) ৩০,০০০ শেয়ার
গ) ৪০,০০০ শেয়ার
ঘ) ৫০,০০০ শেয়ার

উত্তর: (গ)

প্রশ্ন: শেয়ার অবহারের পরিমাণ কত?

ক) ২,০০,০০০ টাকা
খ) ৩,০০,০০০ টাকা
গ) ৪,০০,০০০ টাকা
ঘ) ৫,০০,০০০ টাকা

উত্তর: (গ)

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

দীপ্তি, দীপা ও আশা তিন বোন আশা লিমিটেড নামে একটি কোম্পানি গঠন করোতে চায়। এ উদ্দেশ্যে নিম্নরূপ খরচসমূহ সংঘটিত হয়:
গবেষণা ও পরিকল্পনা প্রণয়ন খরচ ১০,০০০ টাকা, কোম্পানির গঠন সংক্রান্ত গুরুত্বপূর্ণ সভায় খরচ ১৫,০০০ টাকা, স্মারকলিপি তৈরির খরচ ৫০,০০০ টাকা, পরিমেল নিয়মাবলির খরচ ৩০,০০০ টাকা, নিবন্ধন ও অন্যান্য খরচ ২০,০০০ টাকা, প্রচারপত্র বিলি খরচ ৭০,০০০ টাকা এবং অবলেখকের কমিশন ৩৫,০০০ টাকা। অত:পর কোম্পানিটি গঠিত হয়।

প্রশ্ন: কোম্পানি গঠনের প্রাথমিক খরচাবলি কত?

ক) ১০,০০০ টাকা
খ) ৭৫,০০০ টাকা
গ) ১,০৫,০০০ টাকা
ঘ) ১,২৫,০০০ টাকা

উত্তর: (ঘ)

প্রশ্ন: কোম্পানির সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবছর প্রাথমিক খরচাবলির ৫% অবলোপনের সিদ্ধান্ত নিলে -

i. নিট মুনাফা ৬,২৫০ টাকা হ্রাস পাবে
ii. মোট খরচ ৬,২৫০ টাকা বৃদ্ধি পাবে
iii. মোট মুনাফা ৫,২৫০ টাকা বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (খ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ আলোচ্য বিষয়ের উপর সাধারণত বহুনির্বাচনি প্রশ্ন হয়ে থাকে। বিগত তিনবছরের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

✪ তবে শেয়ার মূলধনের শ্রেণিবিভাগ, শেয়ার অধিহার, শেয়ার অবহার ও প্রাথমিক খরচ, শেয়ার ইস্যুখরচ ও ব্যাংক চার্জ নির্ণয় সংক্রান্ত ২ নম্বর উপযোগী সৃজনশীল প্রশ্ন হয়। সৃজনশীল প্রশ্ন নিয়ে ব্যবহারিক সমস্যা সমাধানের সময় আলোচনা করা হবে।

<><><><><><><><><><><><><><>

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা -০১

## হিসাবিবজ্ঞান দ্বিতীয়পত্র

## চতুর্থ অধ্যায়: যৌথমূলধনী কোম্পানির মূলধন

## ক্লাস-০৩

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

✪ শেয়ার ইস্যু হিসাবরক্ষণ প্রক্রিয়া :

সমহার, অধিহার ও অবহারে শেয়ার ইস্যু করা হলে কীভাবে -

○ জাবেদা দাখিলা

○ খতিয়ান হিসাব প্রস্তুত

○ আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুতকরোণ

✪ শেয়ার ইস্যু ও বিলিকরোণ ব্যয় হিসাবরক্ষণ:

**শিখনফল (Learning Outcomes):**

- শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেনের জাবেদা দাখিলা হিসাবের বইতে লিপিবদ্ধ করতে পারবে।
- শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেনের থেকে প্রয়োজনীয় খতিয়ান হিসাব প্রস্তুত করতে পারবে।
- শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেনের থেকে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করতে পারবে।
- কোম্পানির শেয়ার ইস্যু ও বিলিকরোণ ব্যয় হিসাবভুক্ত করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

ফৌজিয়া ফার্মা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি ইহার অনুমোদিত মূলধনের ৮০% শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে পত্রিকায় বিবরণপত্র ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চেয়ে ১৫% অধিক আবেদনপত্র পাওয়া গেল। নির্ধারিত সংখ্যক শেয়ার যথারীতি বিলি করা হয় এবং অতিরিক্ত শেয়ার আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হয়।

**২ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ প্রাপ্ত শেয়ার আবেদনপত্রের সংখ্যা ও টাকার পরিমাণ নির্ণয় করো।

✪ আবেদনকৃত শেয়ারের সংখ্যা ও বিলিকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় করো।

✪ ফেরতকৃত শেয়ার আবেদনের অর্থের পরিমাণ নির্ণয় করো।

✪ অনুমোদিত, ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত শেয়ার মূলধনের মূলধনের পরিমাণ নির্ণয় করো।

**৪ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ কোম্পানির শেয়ার মূলধন হিসাব ও ব্যাংক হিসাব হিসাব প্রস্তুত করো।

✪ কোম্পানির বইতে প্রয়োজনীয়/শেয়ার ইস্যুসংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও।

✪ কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী/স্থিতিপত্র প্রস্তুত করো।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ ২০১৭, ২০১৮ ও ২০১৮ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

✪ অলোচ্য বিষয়ের ওপর বহুনির্বাচনি প্রশ্নও হয়। অতএব, বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৮ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><>

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা -০১

## হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র

## চতুর্থ অধ্যায়: যৌথমূলধনী কোম্পানির মূলধন

## ক্লাস-০৪

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

✪ অধিহারে শেয়ার ইস্যু সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান

**শিখনফল (Learning Outcomes):**

কোম্পানির বইতে অধিহারে শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেনের হিসাবরক্ষণ করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

প্রগতি টেক্সটাইল লি: প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ৫০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি অনুমোদিত শেয়ারের ৬০% প্রতি শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করে। জনসাধারণের নিকট ইস্যুকৃত শেয়ার চেয়ে ৫% বেশি আবেদন পাওয়া যায় এবং কোম্পানির পরিচালন পর্যদ তা যথারীতি বন্টিত করে।
জনসাধারণের নিকট ইস্যুকৃত শেয়ারের ওপর শেয়ার প্রতি ১ টাকা হারে অবলেখকের কমিশন এবং ০.৫০ টাকা হারে ব্যাংক চার্জ ধার্য করা হলো এবং তা ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হয়।

**২ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ ফেরতকৃত শেয়ার আবেদনের অর্থের পরিমাণ নির্ণয় করো।
✪ শেয়ার প্রতি অধিহার ও মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো।
✪ অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় করো।

**৪ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ কোম্পানির ব্যাংক হিসাব ও শেয়ার অধিহার হিসাব প্রস্তুত করো।
✪ কোম্পানির বইতে প্রয়োজনীয়/শেয়ার ইস্যুসংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও।
✪ কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী/স্থিতিপত্র প্রস্তুত করো।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ ২০১৭, ২০১৮ ও ২০১৮ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><><>

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা -০১

## হিসাবিবজ্ঞান দ্বিতীয়পত্র

## চতুর্থ অধ্যায়: যৌথমূলধনী কোম্পানির মূলধন

## ক্লাস-০৫

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

✪ অবহারে শেয়ার ইস্যু সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান

**শিখনফল (Learning Outcomes):**

- কোম্পানির বইতে অবহারে শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেনের হিসাবরক্ষণ করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

মৌমিতা লিঃ প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি ইহার অনুমোদিত মূলধনের ৭৫% শেয়ার, প্রতি শেয়ার ১০% অবহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ইস্যুকৃত শেয়ারের ৯০% আবেদন পায়। আবেদনকৃত শেয়ারগুলি যথারীতি বিলি করা হয়। শেয়ার প্রতি ০.৫০ টাকা হারে ব্যাংক চার্জ এবং ১ টাকা হারে অবলেখকের কমিশন ব্যাংক কর্তৃক পরিশোধ করা হয়।

**২ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ শেয়ার প্রতি অবহার ও মোট শেয়ার অবহারের পরিমাণ নির্ণয় করো।
✪ অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় করো।

**৪ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ কোম্পানির ব্যাংক হিসাব  ও শেয়ার অবহার হিসাব প্রস্তুত করো।
✪ কোম্পানির বইতে প্রয়োজনীয়/শেয়ার ইস্যুসংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও।
✪ কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী/স্থিতিপত্র প্রস্তুত করো।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ ২০১৭, ২০১৮ ও ২০১৮ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><<><><><><><><><>

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা -০১

## হিসাবিবজ্ঞান দ্বিতীয়পত্র

## চতুর্থ অধ্যায়: যৌথমূলধনী কোম্পানির মূলধন

## ক্লাস-০৬

সময়: ৪৫ মিনিট

**আলোচ্য সূচি:**

✪ অ-নগদ লেনদেনের বিপরীতে শেয়ার ইস্যু সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান

**শিখনফল (Learning Outcomes):**

কোম্পানির বইতে অ-নগদ লেনদেনর বিপরীতে শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেনের হিসাবরক্ষণ করতে পারবে।

**নমুনা প্রশ্ন:**

মৌসুমি কোং লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১০,০০,০০০ টাকা নিয়ে নিবন্ধিত হলো। কোম্পানি ইহার অনুমোদিত মূলধনের ৫০,০০০ শেয়ার জনগণের নিকট ইস্যুর সিদ্ধান্ত গ্রহণ করে।

| | |
|---|---|
| ২০১৯খ্রি: | |
| জানু-৩১ | জমি ক্রয় করে উহার মূল্য বাবদ প্রতি শেয়ার ১০% অবহারে ২০,০০০ শেয়ার ইস্যু করে। |
| ফেব্রু-০১ | ৩০,০০০ শেয়ার, প্রতি শেয়ার ১০% অবহারে ইস্যুর উদ্দেশ্যে পত্রিকায় বিজ্ঞাপন প্রদান করে। |
| মার্চ-০১ | ২৮,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। |
| মার্চ-১৫ | আবেদনকৃত শেয়ার যথারীতি বিলি করা হলো। |

**২ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ মোট অলীক সম্পত্তির পরিমাণ নির্ণয় করো।
✪ অবিলিকৃত শেয়ার মূলধনের পরিমাণ নির্ণয় করো।
✪ জমি ক্রয় বাবদ অধিহারের পরিমাণ নির্ণয় করো।

**৪ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ কোম্পানির ব্যাংক হিসাব ও শেয়ার অবহার হিসাব প্রস্তুত করো।
✪ কোম্পানির বইতে প্রয়োজনীয়/শেয়ার ইস্যুসংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও।
✪ কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী/স্থিতিপত্র প্রস্তুত করো।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ ২০১৭, ২০১৮ ও ২০১৮ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><><>